

## তথ্য কমিশনে ০৭-০৬-২০১৮ তারিখের শুনানীর ফলাফল

তথ্য কমিশন আদালতে আজ ১০ টি অভিযোগের শুনানীশেষে ০৬ টি অভিযোগের নিষ্পত্তি করা হয়, ০৩ টি অভিযোগের পরবর্তী শুনানীর তারিখ নির্ধারিত হয় এবং ০১ টি অভিযোগ খারিজ করে দেওয়া হয়।

শুনানীতে অংশ নেন মাননীয় প্রধান তথ্য কমিশনার জনাব মরতুজা আহমদ, তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকার এবং তথ্য কমিশনার জনাব সুরাইয়া বেগম।



নিষ্পত্তিকৃত অভিযোগগুলো হচ্ছে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী, জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপ-সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের সিনিয়র সহকারী সচিব, মোহাম্মদপুর নবদিগন্ত আদর্শ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের জনসংযোগ কর্মকর্তা এবং রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের পরিচালকের (জোন-৫), বিরুদ্ধে আনিত অভিযোগ। শুনানীতে আবেদনকারীদের প্রার্থিত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদানের নির্দেশ দেওয়া হয়।

অন্যদিকে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের মহাব্যবস্থাপক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ধামরাই বিভাগের বিভাগীয় কর্মকর্তা এবং কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট সাতার বিভাগের বিভাগীয় কর্মকর্তার

বিরুদ্ধে আনিত অভিযোগের পরবর্তী শুনানীর দিন ধার্য করা হয়। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের উপ-রেজিস্ট্রারের বিরুদ্ধে আনিত অভিযোগ খারিজ করে দেওয়া হয়।

স্বাক্ষরিত:-

০৭-০৬-২০১৮

(লিটন কুমার প্রামাণিক)

জনসংযোগ কর্মকর্তা

তথ্য কমিশন

ফোন-০২-৯১৩৭৩৩২

মোঃ ০১৭১০-৪৩৭২৬৬

E-mail: pro@infocom.gov.bd